সংবাদ

তারিখ ...31 AUG 2015...
পৃষ্ঠা ৩ ... কলাম ... ৮.....

### ভারতে জাতীয় শিক্ষক দিবস

# স্কুলে পড়াবেন ভারতীয় রাষ্ট্রপতি

সংবাদ ডেস্ক

ভারতে জাতীয় শিক্ষক দিবস (৫ সেপ্টেম্বর) উপলক্ষে রাষ্ট্রপতিকে একদিনের জন্য শিক্ষকতা পেশায় 'ফেরাচ্ছে' দিল্লির রাজ্য সরকার। আগামী ৫ সেপ্টেম্বর জন্মাষ্টমী হওয়ায় আগের দিন ভারতজুড়ে শিক্ষক দিবস পালিত হবে। ওই দিবসের কর্মসূচির অংশ হিসেবেই রাষ্ট্রপতি প্রণব মুখার্জী সর্বোদয় বিদ্যালয়ে পাঠদান করবেন। টাইম্‌স অব ইন্ডিয়া।

এক দিনের জন্য প্রায় অর্ধশতাব্দী আগের পেশায় 'ফিরছেন' ভারতের রাষ্ট্রপতি। আগামী ৪ সেপ্টেম্বর দিল্লির সরকারি ড. রাজেন্দ্র প্রসাদ সর্বোদয় বিদ্যালয়ে শিক্ষার্থীদের পাঠদান করবেন তিনি। এ নিয়ে বিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তাদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা কাজ করছে। সবচেয়ে বেশি রোমাঞ্চিত বিদ্যালয়ের শিক্ষার্থীরা, তাদের রাষ্ট্রের সর্বোচ্চ পদাসীন ব্যক্তিটি পাঠদান করবেন! ষাটের দশকের শেষ দিকে রাজনীতিতে যোগ দেয়ার আগে প্রণব কলেজ শিক্ষক ছিলেন। রাজনীতিতে যোগদানের পর সংসদ সদস্য ও মন্ত্রী থাকাকালে অধ্যাপনায় ফেরার কথাও ভাবতেও পারেননি কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে সর্বোচ্চ এ ডিগ্রিধারী। আর রাষ্ট্রপতি হওয়ার পর ব্যস্ত সময় ধূসর করে দিচ্ছিল তার অধ্যাপনার সেই সাদা-কালো স্মৃতিগুলোকেও। দিল্লির রাজ্য সরকার প্রণবের সেই শিক্ষক জীবনের মধুর স্মৃতিগুলোকে আবারও আলোকিত করার সুযোগ দিচ্ছে। অরবিন্দ কেজরিওয়ালের আম আদমি পার্টির সরকারের অনুরোধে ৪ সেপ্টেম্বর রাজেন্দ্র প্রসাদ সর্বোদয় বিদ্যালয়ে শিক্ষার্থীদের পড়াবেন ভারতের সর্বোচ্চ অধিকর্তা। রাজ্য সরকার বলছে, এর আগে দেশের রাষ্ট্রপতি কখনো শিক্ষক দিবসে এভাবে স্কুলের শিক্ষার্থীদের পড়াননি। সেদিক বিবেচনায় ৪ সেপ্টেম্বরের শিক্ষক দিবসের অনুষ্ঠান ভিন্নমাত্রা পেতে চলেছে। একই দিনে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও সারাদেশের শিক্ষার্থীদের সঙ্গে আলাপচারিতা করবেন। স্থানীয় সংবাদমাধ্যম জানাচ্ছে, গতবারের মতো এবারও সকাল ১০টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত শিক্ষার্থীদের সঙ্গে কথা বলবেন প্রধানমন্ত্রী। এরপর বিদ্যালয়ে পাঠদান করবেন রাষ্ট্রপতি। দিল্লির রাজ্য সরকার ইতোমধ্যে রাজধানীজুড়ে বড় বড় বিলবোর্ডে বিজ্ঞাপন দিয়েছে।

